দিনকৌমুদী।

শ্রীরামচন্দ্র শর্ম্মা প্রণীত

এবং

কলিকাতা হাইকোর্টের পঞ্জিকাকাব ও গুপ্তপ্রেশ পঞ্জিকা প্রণেতা

শ্রীবিশ্বম্ভর জ্যোতিষার্ণব কর্ত্তৃক

বঙ্গভাষায় অনুবাদিত

ও

প্রকাশিত।

বাঁধুলী খালকুলা, ফরিদপুর।

গুপ্তপ্রেশ

২২১ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

শকাব্দ ১৮২০।

মূল্য ।০ চারি আনা।

ভূমিকা।

হিন্দুজাতির যাবতীয় ধর্ম্মকর্ম্ম পঞ্জিকার উপর নির্ভর করে, অতএব সেই পঞ্জিকা বিশুদ্ধ প্রণালীতে গণিত হওয়া একান্ত আবশ্যক। পঞ্জিকা ভ্রমসঙ্কুল হইলে যে কেবল ধর্ম্মকর্ম্মই পণ্ড হয় তাহা নহে প্রত্যুত প্রত্যবায় ও ঘটিয়া থাকে। পঞ্জিকার গণনা বিশুদ্ধ করিবার জন্য গুপ্তপ্রেশের সত্ত্বাধিকারিগণ অনেক দিন হইতে বহু চেষ্টা করিয়া আসিতেছেন এবং তাঁহাদের চেষ্টা যে সর্ব্বতোভাবে ফলবতী হইয়াছে তাহা বোধহয় হিন্দুমাত্রেই অঙ্গীকার করেন। এই পঞ্জিকা সূক্ষ্মরূপে গণনার জন্য ইহার প্রতিষ্ঠাতা স্বর্গীয় দুর্গাচরণ গুপ্ত মহাশয় ১৮১১ শকাব্দে আমার প্রতি ইহার গণনার ভার অর্পণ করেন। আমি ১৮১৩ শকাব্দ হইতে বিপল সহিত তিথি নক্ষত্রাদি এবং ঔদয়িক গ্রহস্ফুট সম্বলিত এই পঞ্জিকা গণনা করিয়া আসিতেছি। পঞ্জিকা গণনার নিমিত্ত পূর্ব্ববর্ত্তী জ্যোতির্ব্বিদ্‌গণ যে সকল করণগ্রন্থ প্রণয়ন করিয়াছেন তন্মধ্যে শতানন্দ আচার্য্য-প্রণীত ভাস্বতী, কেশব দৈবজ্ঞ কৃত গ্রহলাঘব, গণেশ দৈবজ্ঞ কৃত তিথিচিন্তামণি, রাঘবানন্দ আচার্য্যকৃত সিদ্ধান্তরহস্য ও দিনচন্দ্রিকা মথুরানাথ আচার্য্য কৃত রবিসিদ্ধান্তমঞ্জরী, পঞ্চরত্ন ও গ্রহার্ণব, রামচন্দ্র আচার্য্য কৃত দিনকৌমুদী প্রভৃতি প্রসিদ্ধ। ইহার মধ্যে দিনকৌমুদী পঞ্জিকা গণনা বিষয়ে অতি উপাদেয় গ্রন্থ, ইহাদ্বারা অতি সহজ প্রণালীতে সূক্ষ্মরূপে পঞ্জিকা গণনা করা যায়। গুপ্তপ্রেশপঞ্জিকার গণনায় তিথ্যাদি সাধন বিষয়ে দিন-কৌমুদী মতই অবলম্বিত হইয়া থাকে। দিনকৌমুদী প্রণেতা রামচন্দ্র আচার্য্য ইংরাজী সপ্তদশ শতাব্দীর প্রারম্ভে গৌড়দেশে জন্মগ্রহণ করেন এবং ১৫৬৬ শকাব্দে (১৬৪৪ খৃঃ) সূর্য্যসিদ্ধান্ত মত অবলম্বন করিয়া দিনকৌমুদী গ্রন্থ প্রণয়ন করেন, এই গ্রন্থের প্রথমার্দ্ধে তিথ্যাদিসাধন ও অপরার্দ্ধে গ্রহস্ফুট ও গ্রহণ গণনা প্রভৃতি লিপিবদ্ধ হইয়াছে।

বিগত ১৩০২ সালের মাঘমাসে রায় শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস বাহাদুর সি আই ই মহোদয়ের উদ্যোগে নদীয়ার মহারাজ শ্রীযুক্ত ক্ষিতীশ চন্দ্র রায় বাহাদুর মহোদয়ের সভাপতিত্বে কৃষ্ণনগর রাজধানীতে বঙ্গীয় ব্রাহ্মণ পণ্ডিত-

গণের যে মহতী সভার অধিবেশন হয় ঐ সভা হইতে ১৩০৪ সনের বিশুদ্ধ পঞ্জিকার পাণ্ডুলিপি প্রস্তুত করিবার জন্য আমার উপর ভার অর্পিত হয়। আমি তদনুসারে সূর্য্যসিদ্ধান্ত, ভাস্বতী, গ্রহলাঘব তিথিচিন্তামণি, সিদ্ধান্তরহস্য, বিশ্বহিত দিনচন্দ্রিকা, রবিসিদ্ধান্তমঞ্জরী, পঞ্চরত্ন, গ্রহার্ণব, পঞ্চাঙ্গমণিমঞ্জরী, দিনকৌমুদী ও রাত্রিদিনোজ্জ্বল প্রভৃতি গ্রন্থ সমূহ আলোচনা করিয়া পঞ্জিকা গণনা আরম্ভ করি এবং ঐ সকল গ্রন্থানুসারে গণিত তিথি নক্ষত্রাদির পরিমাণে যে পার্থক্য হয়, উহার কারণ ও ঐরূপ বিরোধস্থলে কোন্ গ্রন্থের মত সূক্ষ্মতর তাহা নির্ণয়ে প্রবৃত্ত হইয়া বিশেষ পর্য্যালোচনা পূর্ব্বক দেখিলাম দিনকৌমুদী মতে তিথ্যাদি সাধন অপেক্ষাকৃত অল্প সময়ে হয়, ইহার গণনাও অসূক্ষ্ম নহে। কিন্তু দিনকৌমুদী বঙ্গীয় জ্যোতির্ব্বিদ্-সমাজের অনেকের নিকট অপরিচিত তজ্জন্য অনেকে আমাকে এই পুস্তক প্রকাশ করিবার জন্য অনুরোধ করেন আমি তাঁহাদের অনুরোধের বশবর্ত্তী হইয়া এই পুস্তক প্রচার করিলাম *। এবং সাধারণের যাহাতে বোধগম্য হয় তজ্জন্য ইহার সহিত একটী বঙ্গানুবাদ প্রদান করিলাম, ইহাদ্বারা সকলেই বিনা উপদেশে অনায়াসে বিপলাদি সহিত সূক্ষ্মরূপে পঞ্জিকা গণনা করিতে সমর্থ হইবেন। এই পুস্তক পাঠ করিয়া যদি সাধারণে কথঞ্চিৎ উপকার প্রাপ্ত হন তাহাহইলে আমি শ্রম সফল বোধ করিব।

উপসংহারে বক্তব্য যে এই পুস্তকের মুদ্রাঙ্কন বিষয়ে যাবতীয় ব্যয় গুপ্ত-প্রেশের সত্বাধিকারী শ্রীযুক্ত বাবু জগজ্জ্যোতি গুপ্ত মহাশয় প্রদান করিলেন তজ্জন্য আমি তাঁহার নিকট চিরকৃতজ্ঞ রহিলাম।

শ্রীবিশ্বম্ভর শর্ম্মা।
বাঁধুলী থালকুলা, ফরিদপুর।

---

* পরে বঙ্গীয় করণ গ্রন্থ মতানুসারে গণিত তিথ্যাদির পরিমাণের পার্থক্য নির্ণয় ও সূক্ষ্মরূপে গ্রহস্ফুট সাধন প্রণালী ও সিদ্ধান্ত গ্রন্থের সহিত করণগ্রন্থ সমূহের বৈষম্য ঘটিয়াছে কিনা এবং করণ গ্রন্থ সংস্কার আবশ্যক কিনা ইত্যাদি বিষয় মীমাংসা করিবার জন্য চেষ্টিত রহিলাম।

দিনকৌমুদীর উদাহরণ।

অব্দপিণ্ড ও সংক্রান্তির বার দণ্ডাদি আনিবার নিয়ম। অভীষ্ট শকাব্দ হইতে ১৫৬৬ পনর শত ছয়ষট্টি বাদ দিলে শেষ যাহা থাকিবে তাহার নাম অব্দপিণ্ড। যেমন শকাব্দা ১৮২১ হইতে ১৫৬৬ বাদ দিলে ২৫৫ দুই শত পঞ্চান্ন থাকিল ঐ ২৫৫ এর নাম অব্দপিণ্ড। ঐ অব্দপিণ্ডকে ৬০ দ্বারা ভাগ করিলে লব্ধ ৪ হইল, শেষ ১৫ থাকিল, রবি সংক্রান্তির বার ও দণ্ডাদি আনিতে হইলে ঐ ষষ্টি ভক্ত শেষাঙ্ক ১৫ তদনুযায়ী বারাদি ধ্রুবখণ্ডা ৩।১৮।১৩।৫১ এবং ষষ্টি ভক্ত লব্ধ সংখ্যা ৪ তদনুযায়ী বারাদি ধ্রুবখণ্ডা ১।৬।৫।৩৬ এই দুই খণ্ডা একত্র যুক্ত করিলে ৪।২৪।১৯।২৭ হইল, উহার সহিত, যে সংক্রান্তির বার ও দণ্ডাদি আনিতে হইবে সেই সংক্রান্তির ক্ষেপকাঙ্ক যুক্ত করিলে অভীষ্ট বার ও দণ্ডাদি হইবে, যেমন মেষ সংক্রান্তির ক্ষেপাঙ্ক ০।০।৯ ইহা পূর্ব্বাঙ্ক ৪।২৪।১৯।২৭ এর দণ্ডাদির সহিত যুক্ত করিলে ৪।২৪।১৯।৩৬ হইল ইহা দ্বারা জানা গেল ১৮২১ শকাব্দের মহাবিষুব সংক্রান্তি ৪ বুধবার ২৪।১৯।৩৬ বিপলের সময় হইবে।

তিথি বারাদি আনয়ন। অব্দপিণ্ড ২৫৫ কে ১৬ দ্বারা ভাগ করিলে লব্ধ ১৫ হইল ও শেষ ১৫ থাকিল, ষোড়শভক্ত শেষ ১৫ তাহার খণ্ডা ১৫।৩।৫৫।২৭ লব্ধ ১৫ তাহার খণ্ডা ১৫।৭।৩৩।১ উভয় খণ্ডা যুক্ত করিলে ৩০।১১।২৮।২৮ হইল উহার সহিত তিথি বারাদির ক্ষেপাঙ্ক ১।৫।৫৯।১ যুক্ত করিলে ৩১।১৭।২৭।২৯ হইল ইহার

প্রথমাঙ্ক তিথি, ৩০ এর অধিক হইলে তিথিভ্রম ৩০ বাদ দিবে, দ্বিতীয় অঙ্ক বার তাহা ৭ এর অধিক হইলে বারভ্রম ৭ বাদ দিবে, তৎপর শেষ যাহা থাকিবে তাহার নাম তিথিবারাদি। প্রথমাঙ্ক তিথি ৩১ তাহা হইতে ৩০ বাদ দিলে শেষ ১ থাকিল দ্বিতীয় অঙ্ক বার ১৭ তাহা হইতে দুইবার ৭ বাদ গেল শেষ ৩ থাকিল সুতরাং ১।৩।২৭।২৯ হইল ইহার নাম তিথিবারাদি। উহার সহিত প্রথম কোষ্ঠের তিথিবারাদির ক্ষেপ ০।০।১০।৩৯ যুক্ত করিলে ১।৩।৩৮।৮ হইল, উহার দণ্ডাদি ৩৮।৮ এর সহিত প্রথম কোষ্ঠের তিথি বারাদির ঋণ দণ্ডাদি ০।৫৭।৪৮ প্রতিদিন হীন ও প্রথম এবং দ্বিতীয় অঙ্কে প্রতিদিন এক এক যুক্ত করিলে যথাক্রমে ১ পক্ষের বা ১৫ দিনের তিথিবারাদি হইবে। তিথি-বারাদি ১।৩।২৭।২৯ ইহার সহিত যথাক্রমে দ্বিতীয়াদি কোষ্ঠের তিথিবারাদি ক্ষেপ যুক্ত করিলে ১৫।১৫ দিন অন্তরের তিথি-বারাদি হইবে, তাহাতে যথাক্রমে প্রতি কোষ্ঠের তিথি বারাদির ঋণ ধন দণ্ডাদি প্রতিদিন যথাক্রমে হীন বা যুক্ত প্রথম ও দ্বিতীয় অঙ্কে ১।১ যুক্ত করিলে প্রতিদিনের তিথিবারাদি হইবে।

তিথিকেন্দ্র আনয়ন। অব্দপিণ্ডকে ১৬ দ্বারা ভাগ করিয়া লব্ধ ১৫ ও শেষ ১৫ হইয়াছে। ঐ শেষাঙ্ক ১৫ তৎসংখ্যক তিথিকেন্দ্র খণ্ডা ২২।২৮।১৬ লব্ধ ১৫ তৎসংখ্যক তিথিকেন্দ্র খণ্ডা ১০।৩২।২৯ ও তিথি কেন্দ্র দিনাদিক্ষেপ ১৫।২৬।৪৩ উক্ত খণ্ডাদ্বয় ও ক্ষেপাঙ্ক একত্র যুক্ত করিলে ৪৮।২৭।২৮ হইল ইহার প্রথমাঙ্ক, কেন্দ্রভ্রম ২৮ হইতে অধিক হওয়ায় ২৮ বাদ দিলে ২০।২৭।২৮ থাকিল উহার নাম তিথিকেন্দ্র উহার সহিত প্রথম কোষ্ঠের তিথি-কেন্দ্রের ক্ষেপাঙ্ক ০।১০।১০ যুক্ত করিলে ২০।৩৭।৩৮ হইল উহার

প্রথমাঙ্কের সহিত প্রতিদিন ১ যুক্ত ও দ্বিতীয়াদি অঙ্ক দণ্ডাদি, তাহার সহিত প্রথম কোষ্ঠের ঋণ ০।২।১২ দণ্ডাদি প্রতিদিন হীন করিলে যথাক্রমে ১৫ দিনের তিথিকেন্দ্র হইবে। প্রথমোক্ত তিথিকেন্দ্রের সহিত দ্বিতীয়াদি কোষ্ঠের ক্ষেপাঙ্ক যুক্ত করিলে ক্রমে ১৫।১৫ দিন অন্তরের তিথিকেন্দ্র হইবে। উহাতে তত্তৎকোষ্ঠীয় তিথি কেন্দ্রের ঋণ ধন দণ্ডাদি বিবেচনা করিয়া প্রতিদিন হীন বা যুক্ত করিলে যথাক্রমে প্রতিদিনের তিথি কেন্দ্র হইবে।

তিথি আনয়ন। ক্ষেপযুক্ত তিথিকেন্দ্র ২০।৩৭।৩৮ ঐ ২০।৩৭ এর তিথির ফলখণ্ডা ২৪।২৮ এবং ২০।৩৮ এর ফলখণ্ডা ২৪।২৯ যদি ২০।৩৭শে ২৪।২৮ ও ২০।৩৮শে ২৪।২৯ হয় তাহা হইলে তিথিকেন্দ্র ২০।৩৭।৩৮শে কত হইবে। খণ্ডা ২৪।২৮ ও ২৪।২৯ এর পরস্পর বিয়োগে ১ লাভ হইল ঐ ১ পল দ্বারা কেন্দ্রশেষ ৩৮ পলকে গুণ করিলে ৩৮ই থাকিল, ঐ ৩৮ বিপল হইল, খণ্ডা ২৪।২৮ হইতে পরখণ্ডা ২৪।২৯ অধিক হওয়ায় ঐ ৩৮ বিপল খণ্ডা ২৪।২৮ দণ্ডাদির বিপল স্থানে যুক্ত হইয়া ২৪।২৮।৩৮ বিপল হইল, উহা, তিথিকেন্দ্র (২০।৩৭।৩৮) ১৪ হইতে অধিক হওয়ায়, তিথিবারাদি (১।৩।৩৮।৮) ইহার দণ্ডাদি ৩৮।৮ হইতে ঋণ অর্থাৎ বিয়োগ করিলে ১৩।৩৯।২২ হইল, তিথি ১ বার ৩ দণ্ডাদি ১৩।৩৯।২২ অতএব ১৮২০ শকাব্দের ২৯শে চৈত্র ৩ মঙ্গলবার ১ প্রতিপদ ১৩।৩৯।২২ বিপল হইল। এই নিয়ম অনুসারে তাহার পর পর দিনের বার তিথি ও তিথির স্থিতি দণ্ডাদি সাধিত হইবে। তিথিকেন্দ্রানুযায়ী ফলখণ্ডা (কেন্দ্র ০ হইতে ১৪ পর্য্যন্ত হইলে) তিথিবারাদির দণ্ডাদিতে ধন বা যুক্ত

করিবে (কেন্দ্র ১৪ হইতে ২৮ পর্য্যন্ত হইলে) তিথিবারাদির দণ্ডাদিতে ফলখণ্ডা ঋণ বা হীন করিতে হইবে, তাহাহইলে তিথির স্থিতি দণ্ডাদি হইবে। তিথি নক্ষত্র ও যোগ আনয়ন স্থলে প্রতিদিন কেন্দ্রের প্রথমাঙ্কে ১ যুক্ত করিতে হইবে। তিথি-বারাদি ভবারাদি ও যোগবারাদির প্রথম ও দ্বিতীয় অঙ্কে প্রতিদিন এক এক যুক্ত করিতে হইবে।

ভবারাদি আনয়ন। অব্দপিণ্ড ২৫৫কে ২৪ দ্বারা ভাগ করিলে লব্ধ ১০ হইল শেষ ১৫ থাকিল ঐ ১৫ সংখ্যার ভবারাদির খণ্ডা ১৫।৫।৩০।৪৮ লব্ধ ১০ সংখ্যার ভবারাদির খণ্ডা ১৪।১।৫।৫২ ভবারাদির ক্ষেপাঙ্ক ০।৫।১১।৩৫ উভয় খণ্ডাদ্বয় ও ক্ষেপাঙ্ক একত্র যুক্ত করিলে ২৯।১১।৪৮।১৫ হইল উহার প্রথমাঙ্ক নক্ষত্র তাহা ২৭ এর অধিক হওয়ায় ২৭ বাদ দিলে ২ থাকিল, দ্বিতীয় অঙ্ক বার উহা ৭ এর অধিক ১১ হওয়ায় ৭ বাদ দিলে শেষ ৪ থাকিল, অতএব ভবারাদি ২।৪।৪৮।১৫ হইল, উহাতে প্রথম কোষ্ঠ অবধি প্রতি কোষ্ঠের ভবারাদিক্ষেপ অঙ্ক যুক্ত করিলে ৩০শ ৩০শ দিন অন্তরের ভবারাদি হইবে, ঐ প্রতি ৩০শ দিন অন্তরের ভবা-রাদির সহিত সেই সেই কোষ্ঠের ভবার দণ্ডাদি যুক্ত করিলে প্রতিদিনের ভবারাদি হইবে। যেমন ভবারাদি ২।৪।৪৮।১৫ এর সহিত প্রথম কোষ্ঠের ভবারাদি ক্ষেপ অঙ্ক ০।০।০।৮ যুক্ত করিলে ২।৪।৪৮।২৩ হইল উহা প্রথম দিনের ভবারাদি, উহার দণ্ডাদির সহিত প্রথম কোষ্ঠের ধন ভবার দণ্ডাদি ০।৪৪।৩৪ যুক্ত ও প্রথমাঙ্ক নক্ষত্র দ্বিতীয় অঙ্ক বার তাহাতে ১।১ যুক্ত করিলে ৩।৫।৪৯।৭।৩৪ হইল উহা দ্বিতীয় দিনের ভবারাদি। এইরূপ প্রতিদিন যুক্ত করিলে যথাক্রমে ৩০ দিনের ভবারাদি হইবে।

ভকেন্দ্র আনয়ন। অব্দপিণ্ড ২৫৫কে ২৪ দ্বারা ভাগ করিলে লব্ধ ১০ হইল ঐ ১০ সংখ্যার ভকেন্দ্র খণ্ডা ১১।৫।৪৮ ভাগশেষ ১৫ সংখ্যার ভকেন্দ্র খণ্ডা ২৪।৫।১০ ও ভকেন্দ্রক্ষেপ দিনাদি ১৭।৩৮।৩০ খণ্ডাদ্বয় ও ক্ষেপাঙ্ক একত্র যুক্ত করিলে ৪৯।৪৯।২৮ হইল, উহার প্রথমাঙ্ক ৪৯, কেন্দ্রভ্রম ২৮ হইতে অধিক হওয়ায় ৪৯ হইতে ২৮ বাদ দিলে ২১।৪৯।২৮ থাকিল উহার নাম ভকেন্দ্র, উহার সহিত প্রথম কোষ্ঠের ভকেন্দ্রের ক্ষেপ ২৭।৫৯।৩৮ যুক্ত করিলে ৪৯।৪৯।১৬ হইল, উহার প্রথমাঙ্ক ৪৯ তাহা হইতে কেন্দ্রভ্রম ২৮ হীন করিলে ২১।৪৯।১৬ থাকিল উহা প্রথম দিনের ভকেন্দ্র, উহার সহিত প্রথম কোষ্ঠের ভকেন্দ্র ধন দণ্ডাদি ১।৪১।৫৬ প্রতিদিন যুক্ত করিলে এবং প্রথমাঙ্ক অংশ তাহাতে প্রতিদিন ১ যুক্ত করিলে যথাক্রমে ৩০ দিনের ভকেন্দ্র হইবে। তৎপর দ্বিতীয়াদি কোষ্ঠের কেন্দ্র ক্ষেপাঙ্ক, ভকেন্দ্র ২১।৪৯।২৮ এর সহিত যুক্ত করিলে ৩০শ ৩০শ দিন অন্তরের ভকেন্দ্র হইবে, তাহার সহিত ভকেন্দ্র ধন দণ্ডাদি প্রতিদিন যথাক্রমে যুক্ত করিলে প্রতিদিনের ভকেন্দ্র হইবে।

নক্ষত্র আনয়ন। প্রথম দিনের ভকেন্দ্র ২১।৪৯।১৬ ঐ ২১।৪৯ এর নক্ষত্রের ফলখণ্ডা ২২।৪৮ উহার পর খণ্ডা ও ২২।৪৮ উভয় খণ্ডা সমান হওয়ায় কেন্দ্র ২১।৪৯।১৬এর স্থলেও খণ্ডা২২।৪৮ হইল ভকেন্দ্র (২১।৪৯।১৬) ১৪শ হইতে অধিক হওয়ায় ভবারাদি (২।৪।৪৮।২৩) ইহার দণ্ডাদি ৪৮।২৩ হইতে ভকেন্দ্রের ফলখণ্ডা ২২।৪৮ হীন করিলে ২৫।৩৫ থাকিল, অতএব ১৮২০ শকাব্দের ৩০শে চৈত্র ৪ বুধবার ২ ভরণীনক্ষত্র, তাহার স্থিতিদণ্ডাদি ২৫।৩৫ পল। এই প্রকার দ্বিতীয়াদি দিনের ভকেন্দ্রানুযায়ী ফলখণ্ডা

(কেন্দ্র ০ হইতে ১৪ পর্য্যন্ত হইলে) ভবারাদির দণ্ডাদিতে ধন বা যুক্ত করিবে (কেন্দ্র ১৪ হইতে ২৮ পর্য্যন্ত হইলে) ভবারাদির দণ্ডাদিতে ফলখণ্ডা ঋণ বা হীন করিবে তাহাহইলে নক্ষত্রের স্থিতি দণ্ডাদি হইবে।

যোগ বারাদি আনয়ন। অব্দপিণ্ড ২৫৫কে ২৪ দ্বারা ভাগ করিলে লব্ধ ১০ ও শেষ ১৫ থাকিল, লব্ধ ১০ সংখ্যার যোগ বারাদির খণ্ডা ১।৪।১।৫।৫২ ও শেষ ১৫ সংখ্যার যোগ বারাদির খণ্ডা ১৫।৫।২৮।১০ এবং যোগ বারাদির ক্ষেপ ০।৫।২১।৩৬ খণ্ডাদ্বয় ও ক্ষেপাঙ্ক একত্র যুক্ত করিলে ২৯।১১।৫৫।৩৮ হইল, উহার প্রথমাঙ্ক যোগ তাহা ২৭ এর অধিক হওয়ায় ২৭ বাদ দিলে ২ থাকিল, দ্বিতীয় অঙ্ক বার ৭ এর অধিক ১১ হওয়ায় ৭ হীন করিলে ৪ থাকিল, সুতরাং যোগবারাদি ২।৪।৫৫।৩৮ হইল। উহার সহিত একাদি কোষ্ঠের যোগ বারাদি ক্ষেপ অঙ্ক যুক্ত করিলে ১৫।১৫ দিন অন্তরের যোগ বারাদি হয়, ঐ ১৫ দিন অন্তরের যোগ বারাদিতে একাদি কোষ্ঠের ঋণ বার দণ্ডাদি প্রতিদিন যথাক্রমে হীন করিলে প্রতিদিনের যোগ বারাদি হইবে। যেমন যোগবারাদি ২।৪।৫৫।৩৮ উহাতে প্রথম কোষ্ঠের যোগ বারাদি ক্ষেপ ০।৬।৫১।৬ যুক্ত করিলে ২।৪।৪৬।৪৪ হইল উহা প্রথম দিনের যোগবারাদি, উহাতে প্রথম কোষ্ঠের ঋণ বার দণ্ডাদি ৩।২৬।২৪ প্রতিদিন যথাক্রমে হীন করিলে ক্রমে ১৫দিনের যোগবারাদি হইবে।

যোগকেন্দ্র আনয়ন। অব্দপিণ্ড ২৫৫কে ২৪ দ্বারা ভাগ করিলে শেষ ১৫ থাকিল ঐ ১৫শ সংখ্যার যোগকেন্দ্র খণ্ডা ২৪।২।২৮ ভাগলব্ধ ১০ সংখ্যার যোগকেন্দ্র খণ্ডা ১১।৫।৩১ ও কেন্দ্রক্ষেপ

অঙ্ক ১৪।৪৮।৪১ খণ্ডাদ্বয় ও ক্ষেপাঙ্ক একত্র যুক্ত করিলে ৪৯।৫৬।৪০ হইল, উহার প্রথমাঙ্ক ২৮ এর অধিক হওয়ায় যোগভ্রম ২৮' হীন করিলে ২১।৫৬।৪০ থাকিল ইহার নাম যোগ কেন্দ্র, উহার সহিত প্রথমাদি কোষ্ঠের যোগ কেন্দ্রের ক্ষেপযুক্ত করিলে যথাক্রমে ১৫।১৫ দিন অন্তরের যোগ কেন্দ্র হইবে, উহাতে প্রতি কোষ্ঠের ঋণ দণ্ডাদি প্রতিদিন যথাক্রমে হীন করিলে প্রতিদিনের যোগ-কেন্দ্র হইবে। যেমন যোগকেন্দ্র ২১।৫৬।৪০ এর সহিত ১ প্রথম কোষ্ঠের যোগকেন্দ্রের ক্ষেপ ২৭।৫১।৬ যুক্ত করিলে ৪৯।৪৭।৪৬ হইল, উহার প্রথমাঙ্ক হইতে ২৮ বাদ দিলে শেষ ২১।৪৭।৪৬ থাকিল উহাই প্রথমদিনের যোগকেন্দ্র উহার দণ্ডাদি ৪৭।৪৬ এর সহিত প্রথম কোষ্ঠে ঋণ কেন্দ্র দণ্ডাদি ২।৩১।৩৬ প্রতিদিন হীন ও প্রথমাঙ্কে প্রতিদিন ১ যুক্ত করিলে যথাক্রমে প্রতিদিনের যোগকেন্দ্র হইবে।

যোগ আনয়ন। যোগকেন্দ্র ২১।৪৭।৪৬ ঐ ২১।৪৭ এর যোগের ফলখণ্ডা ২১।১১ উহার পর খণ্ডা ও ২১।১১ হওয়ায় কেন্দ্র ২১।৪৭।৪৬ এর খণ্ডা ২১।১১ই থাকিল যোগ কেন্দ্র ১৪শের অধিক হওয়ায়, যোগবারাদি ২।৪।৪৬।৪৪ উহার দণ্ডাদি (৪৬।৪৪) তাহাতে ফলখণ্ডা ২১।১১ দণ্ডাদি হীন করিতে হইবে, হীন করিলে ২।৪।২৫।৩৩ থাকিল, ১৮২০ শকাব্দের ৩০ চৈত্র ৪ বার ২ প্রীতিযোগ ২৫।৩৩ পল স্থিতি ছিল। যোগকেন্দ্রানুযায়ী ফলখণ্ডা (কেন্দ্র ০ হইতে ১৪ পর্য্যন্ত হইলে) যোগবারাদির দণ্ডাদিতে ধন বা যুক্ত করিবে (কেন্দ্র ১৪ হইতে ২৮ পর্য্যন্ত হইলে) যোগবারাদির দণ্ডাদিতে ফলখণ্ডা হীন করিবে।

করণ আনয়ন। তিথির অঙ্কসংখ্যা দ্বিগুণ করিবে, তিথির

প্রথমার্দ্ধের করণ আনিতে হইলে ঐ দ্বিগুণিত অঙ্ক হইতে ২ হীন করিবে এবং তিথির শেষার্দ্ধের করণ আনিতে হইলে ঐ দ্বিগুণিত অঙ্ক হইতে ১ হীন করিবে, পর শেষ যাহা থাকিবে তাহা ৭ এর অধিক হইলে ৭ বাদ দিবে, অবশিষ্ট ১ থাকিলে বব ২ বালব ৩ কৌলব ৪ তৈতিল ৫ গর ৬ বণিজ ০ থাকিলে বিষ্টি-করণ হইবে। এবং কৃষ্ণপক্ষের চতুর্দ্দশীর শেষার্দ্ধে শকুনি অমাবস্থার প্রথমার্দ্ধে চতুষ্পাদ শেষার্দ্ধে নাগ ও শুক্লাপ্রতিপদের প্রথমার্দ্ধে কিন্তুঘ্ন করণ হয়। যেমন ১৮২০ শকাব্দের ৩০শে চৈত্র বুধবার শুক্লাদ্বিতীয়া তাহার অঙ্ক ২ উহা দ্বিগুণ করিলে ৪ হইল ঐ দিন দ্বিতীয়া ১২ দণ্ড স্থতরাং শেষার্দ্ধ, শেষার্দ্ধের করণ আনিতে হইলে দ্বিগুণিত অঙ্কে ১ হীন করিবে, ৪ হইতে ১ বাদ দিলে ৩ থাকিল এজন্ত কৌলব করণ হইল।

অশুদ্ধ সংশোধন। ৭ পৃষ্ঠার ১৫ পংক্তি দিনাদিক্ষেপঃ ২৫।২৬।৪৩ লিখিত হইয়াছে উহা হইবে না উহার স্থলে দিনাদিক্ষেপঃ ১৫।২৬।৪৩ হইবে।

দিনকৌমুদী।

ওঁ সূর্য্যায় নমঃ। শুভমস্তু। শ্রীরামচন্দ্র শর্ম্মাথ বক্তি পণ্ডিততুষ্টয়ে। প্রয়োগান্ দিনকৌমুদ্যাঃ সুগমান্ সুপরিস্কৃতান্॥ রসাঙ্গতিথিভির্হীনা ইষ্টশকাব্দা অব্দাঃ স্যুঃ। পূর্ব্বাব্দাস্তু শকাব্দোনাঃ। রসাঙ্গতিথয়োঽত্র ষষ্টিশিষ্টাব্দসংখ্যয়া শূন্যাদিতো গৌড়ে মহাবিষুববারাদিধ্রুবাস্তত্তৎপত্তিবীজযোজ্যাঙ্কাঃ ১।১৫। ৩১।৩১।২৪, পূর্ব্বাব্দেতু পূর্ব্বক্রিয়ানীতবারাদি ধ্রুবো দ্বিগুণঃ শূন্যাব্দীয়বারাদিকাদস্মাচ্ছোধ্যঃ ৪।৩।৫০।৪২, শোধনাযোগ্যতায়াং স্বস্বভ্রমযোগাচ্ছোধনম্। অথ রবের্ম্মেষাদি সংক্রান্তিক্ষেপা বারাদিকা রবিভুজান্তরগৌড়চরার্দ্ধরচিতা যে। অথ বারভ্রমঃ ৭*। অথ ষষ্টি শিষ্টাব্দসংখ্যয়া শূন্যাদিবর্ষেবারাদি ধ্রুবাঃ।

শ্রীরাম চন্দ্র শর্ম্মা পণ্ডিতগণের সন্তোষের নিমিত্ত তিথিনক্ষত্র যোগ ইত্যাদি আনয়নার্থ দিনকৌমুদীর সহজবোধ্য সুপরিস্কৃত প্রয়োগের বর্ণনা করিতেছেন। অভীষ্ট শকাব্দ হইতে ১৫৬৬ হীন করিলে যাহা শেষ থাকে তাহাকে অব্দপিণ্ড বলে। ঐ অব্দপিণ্ডকে ৬০ দ্বারা ভাগ করিয়া শেষাঙ্ক ও লব্ধাঙ্ক সংখ্যা অনুসারে যথাক্রমে নিম্নলিখিত ষষ্টিশিষ্ট ও ষষ্টিলব্ধ বারাদি ধ্রুব খণ্ডা গ্রহণ করিয়া পরস্পর যুক্ত করিবে। অনন্তর তাহার সহিত মেষাদি প্রতিসংক্রান্তির ক্ষেপবারাদি যুক্ত করিলে বৈশাখাদি দ্বাদশ মাসের সংক্রান্তির বার * দণ্ড পলাদি হইবে।

---

* বারভ্রম অর্থাৎ বার স্থলে ৭ এর অধিক হইলে ৭ পরিত্যাগ করিতে হইবে।

(ষষ্টিভক্ত শেষাঙ্কানুসারে বারাদি ধ্রুব খণ্ডা যথা—)

<table>
<tr><td>০</td><td>৫|২৫|২১</td><td>২০</td><td>২|৩৫|৫১|২৮</td><td>৪০</td><td>৬|৪৬|২১|৫৬</td></tr>
<tr><td>১</td><td>৬|৪০|৫২|৩১</td><td>২১</td><td>৩|৫১|২২|৫৯</td><td>৪১</td><td>১|১|৫৩|২৭</td></tr>
<tr><td>২</td><td>০|৫৬|২৪|৩</td><td>২২</td><td>৫|৬|৫৪|৩১</td><td>৪২</td><td>২|১৭|২৪|৫৯</td></tr>
<tr><td>৩</td><td>২|১১|৫৫|৩৪</td><td>২৩</td><td>৬|২২|২৬|২</td><td>৪৩</td><td>৩|৩২|৫৬|৩০</td></tr>
<tr><td>৪</td><td>৩|২৭|২৭|৬</td><td>২৪</td><td>০|৩৭|৫৭|৩৪</td><td>৪৪</td><td>৪|৪৮|২৮|২</td></tr>
<tr><td>৫</td><td>৪|৪২|৫৮|৩৭</td><td>২৫</td><td>১|৫৩|২৯|৫</td><td>৪৫</td><td>৬|৩|৫৯|৩৩</td></tr>
<tr><td>৬</td><td>৫|৫৮|৩০|৮০</td><td>২৬</td><td>৩|৯|০|৩৬</td><td>৪৬</td><td>০|১৯|৩১|৪</td></tr>
<tr><td>৭</td><td>০|১৪|১|৪০</td><td>২৭</td><td>৪|২৪|৩২|৮</td><td>৪৭</td><td>১|৩৫|২|৩৬</td></tr>
<tr><td>৮</td><td>১|২৯|৩৩|১১</td><td>২৮</td><td>৫|৪০|৩|৩৯</td><td>৪৮</td><td>২|৫০|৩৪|৭</td></tr>
<tr><td>৯</td><td>২|৪৫|৪|৪৩</td><td>২৯</td><td>৬|৫৫|৩৫|১১</td><td>৪৯</td><td>৪|৬|৫|৩৯</td></tr>
<tr><td>১০</td><td>৪|০|৩৬|১৪</td><td>৩০</td><td>১|১১|৬|৪২</td><td>৫০</td><td>৫|২১|৩৭|১০</td></tr>
<tr><td>১১</td><td>৫|১৬|৭|৪৫</td><td>৩১</td><td>২|২৬|৩৮|১৩</td><td>৫১</td><td>৬|৩৭|৮|৪১</td></tr>
<tr><td>১২</td><td>৬|৩১|৩৯|১৭</td><td>৩২</td><td>৩|৪২|৯|৪৫</td><td>৫২</td><td>০|৫২|৪০|১৩</td></tr>
<tr><td>১৩</td><td>০|৪৭|১০|৪৮</td><td>৩৩</td><td>৪|৫৭|৪১|১৬</td><td>৫৩</td><td>২|৮|১১ ৪৪</td></tr>
<tr><td>১৪</td><td>২|২|৪২|২০</td><td>৩৪</td><td>৬|১৩|১২|৪৮</td><td>৫৪</td><td>৩|২৩|৪৩|১৬</td></tr>
<tr><td>১৫</td><td>৩|১৮|১৩|৫১</td><td>৩৫</td><td>০|২৮|৪৪|১৯</td><td>৫৫</td><td>৪|৩৯|১৪|৪৭</td></tr>
<tr><td>১৬</td><td>৪|৩৩|৪৫|২২</td><td>৩৬</td><td>১|৪৪|১৫|৫০</td><td>৫৬</td><td>৫|৫৪|৪৬|১৮</td></tr>
<tr><td>১৭</td><td>৫|৪৯|১৬|৫৪</td><td>৩৭</td><td>২|৫৯|৪৭|২২</td><td>৫৭</td><td>০|১০|১৭|৫০</td></tr>
<tr><td>১৮</td><td>০|৪|৪৮|২৫</td><td>৩৮</td><td>৪|১৫|১৮|৫৩</td><td>৫৮</td><td>১|২৫|৪৯|২১</td></tr>
<tr><td>১৯</td><td>১|২০|১৯|৫৭</td><td>৩৯</td><td>৫|৩০|৫০|২৫</td><td>৫৯</td><td>২|৪১|২০|৫৩</td></tr>
</table>

ষষ্টিলব্ধ সংখ্যা বারাস্থা যোজ্যা যথা।

ষষ্টি লব্ধ সংখ্যানুসারে বারাদি ধ্রুব খণ্ডা।

<table>
<tr><td>১</td><td>৫|৩১|৩১|২৪</td><td>১১</td><td>৪|৪৬|৪৫|২৪</td></tr>
<tr><td>২</td><td>৪|৩|২|৪৮</td><td>১২</td><td>৩|১৮|১৬|৪৮</td></tr>
<tr><td>৩</td><td>২|৩৪|৩৪|১২</td><td>১৩</td><td>১|৪৯|৪৮|১২</td></tr>
<tr><td>৪</td><td>১|৬|৫|৩৬</td><td>১৪</td><td>০|২১|১৯|৩৬</td></tr>
<tr><td>৫</td><td>৬|৩৭|৩৭|০</td><td>১৫</td><td>৫|৫২|৫১|০</td></tr>
<tr><td>৬</td><td>৫|৯|৮|২৪</td><td>১৬</td><td>৪|২৪|২২|২৪</td></tr>
<tr><td>৭</td><td>৩|৪০|৩৯|৪৮</td><td>১৭</td><td>২|৫৫|৫৩|৪৮</td></tr>
<tr><td>৮</td><td>২|১২|১১|১২</td><td>১৮</td><td>১|২৭|২৫|১২</td></tr>
<tr><td>৯</td><td>০|৪৩|৪২|৩৬</td><td>১৯</td><td>৬|৫৮|৫৬|৩৬</td></tr>
<tr><td>১০</td><td>৬|১৫|১৪|০</td><td>২০</td><td>৫|৩০|২৮|০</td></tr>
</table>

প্রথমযোগাদন্যেঽপিসাধ্যাঃ।

প্রথম খণ্ডা দ্বিগুণ করিলে দ্বিতীয় খণ্ডা হইবে দ্বিতীয়ের সহিত প্রথম খণ্ডা যোগ করিলে তৃতীয় খণ্ডা হইবে তৃতীয়ের সহিত প্রথম খণ্ডা যোগে চতুর্থ খণ্ডা হইবে। এই প্রকার পর পর খণ্ডা হইবে।

স্বস্ব ক্ষেপেণাঢ্যো বারাদি ধ্রুবঃ স্বস্ব সংক্রান্তিবারাদিকংস্যাৎ।

৬০ দ্বারা ভাগশেষ ও লব্ধ সংখ্যানুসারে প্রাপ্ত বারাদি ধ্রুব খণ্ডা দ্বয়ের সহিত মেষাদি দ্বাদশ সংক্রান্তির ক্ষেপ যুক্ত করিলে মেষাদি সংক্রান্তির বার দণ্ডাদি হইবে। মেষাদি দ্বাদশ সংক্রান্তির ক্ষেপাঙ্ক যথা——

মেষঃ	০।০।৯	তুলা	৪।৫৫।৫৮
বৃষঃ	২।৫৭।৩	বৃশ্চিকঃ	৬।৪৮।৪২
মিথুনঃ	৬।২২।৫৬	ধনুঃ	১।১৭।৩৩
কর্কটঃ	৩।১।৪২	মকরঃ	২।৩৬।২৮
সিংহঃ	৬।২৯।৫১	কুম্ভঃ	৪।৩।৩৯
কন্যা	২।৩০।১৮	মীনঃ	৫।৫৩।৩৬

* ষষ্টিলব্ধ সংখ্যা অনুসারে বারাদি ধ্রুবখণ্ডা বিংশতির (২০) অধিক লিখিত হইল না। কিন্তু উক্ত নিয়ম অনুসারে বিংশতির অধিক খণ্ডা সমূহ নির্ণয় করা যাইতে পারে। বর্ত্তমান সময়ে ষষ্টিলব্ধ সংখ্যা ৪ মাত্র।

বৈশাখাদীনাং সাবনদিনানি। বৈশাখাদি দ্বাদশ মাসের সাবন দিন সংখ্যা।		সম্প্রতি গৌড়ে মেষাদি রবি সংক্রান্তি দিবসীয় প্রমাণ দণ্ডাদিঃ। গ্রন্থারম্ভ সময়ে গৌড় দেশের মেষাদি দ্বাদশ রাশির রবি সংক্রান্তি দিবসের দিনমান দণ্ডাদি।		এবময়নাংশ সংস্কৃতরবে-র্মেষাদিসংক্রমণে যথা— অয়নাংশসংস্কৃত রবির মেষাদি দ্বাদশ সংক্রান্তি দিনের দিনমান দণ্ডাদি।	
বৈশাখঃ	৩১	মেষঃ	৩১।০	মেষঃ	৩০।০
জ্যৈষ্ঠঃ	৩১	বৃষঃ	৩২।৩০	বৃষঃ	৩১।৪২।২০
আষাঢ়ঃ	৩২	মিথুনঃ	৩৩।২৪	মিথুনঃ	৩৩।৬
শ্রাবণঃ	৩২	কর্কটঃ	৩৩।২২	কর্কটঃ	৩৩।৪০।২৭
ভাদ্রঃ	৩১	সিংহঃ	৩২।২০	সিংহঃ	৩৩।৬
আশ্বিনঃ	৩০	কন্যা	৩০।৪৬	কন্যা	৩১।৪২।২০
কার্ত্তিকঃ	৩০	তুলা	২৯।০	তুলা	৩০।০
অগ্রহায়ণঃ	২৯	বৃশ্চিকঃ	২৭।৩০	বৃশ্চিকঃ	২৮।১৭।৪০
পৌষঃ	২৯	ধনুঃ	২৬।৩৬	ধনুঃ	২৬।৫৪
মাঘঃ	৩০	মকরঃ	২৬।৩৮	মকরঃ	২৬।১৯।৩৩
ফাল্গুনঃ	৩০	কুম্ভঃ	২৭।৩০	কুম্ভঃ	২৬।৫৪
চৈত্রঃ	৩০	মীনঃ	২৯।১৪	মীনঃ	২৮।১৭।৪০

তত্র পূর্ব্বাপরমানান্তরং পলীকৃতমন্তরদিনলব্ধং প্রতিদিন ভুক্তিপলং স্যাৎ। তদিষ্টদিনঘ্নং পরমানাধিকাল্পত্বে ক্রমাৎ পূর্ব্ব-মানেষু ধনর্ণকং কার্য্যম্। তদা স্বেনেষ্টদিনমানদণ্ডাদিকংস্যাৎ, তদেবষষ্টিচ্যুতং রাত্রিমান দণ্ডাদিক মিতি।

অয়নাংশশোধিত পূর্ব্ব ও পর সংক্রান্তির দিনমান দণ্ডাদি পরস্পর বিয়োগ করিয়া যে দণ্ডাদি লাভ হইবে তাহাকে ঐ অয়নাংশ সংস্কৃত পূর্ব্ব সংক্রান্তির পর হইতে পর সংক্রান্তি পর্য্যন্ত যত দিন হইবে তদ্দ্বারা ভাগ করিয়া ভাগফল দণ্ডাদি যাহা লাভ হইবে তাহা পূর্ব্ব সংক্রান্তির দিনমান হইতে পর সংক্রান্তির দিনমান অল্প হইলে, পূর্ব্ব সংক্রান্তির দিনমান দণ্ডাদির সহিত প্রতিদিন যথাক্রমে হীন করিবে ও পর সংক্রান্তির দিনমান পূর্ব্ব সংক্রান্তির দিনমান হইতে অধিক হইলে পূর্ব্ব সংক্রান্তির দিনমানের সহিত প্রতিদিন যথাক্রমে যুক্ত করিবে। তাহাহইলে প্রতিদিনের দিনমান দণ্ডাদি হইবে। ঐ দিনমান দণ্ডাদি ৬০ দণ্ড হইতে বিয়োগ করিলে রাত্রিমান দণ্ডাদি হইবে।

অথ সুখার্থং তিথিনক্ষত্রযোগানাং বিষুবোথবারাদি-কেন্দ্রয়োঃ সিদ্ধলেখা যথা তে ক্ষেপযুক্তা ধ্রুবাঃ স্যুঃ, পূর্ব্বাব্দেতু সর্ব্বে ক্ষেপাচ্ছোধ্যাঃ। তত্র ষোড়শ শিষ্টাব্দ সংখ্যয়া শূন্যাদিত-স্তিথের্বারাদিকেন্দ্রে গ্রাহ্যে। অথ তিথিবারাদ্যাঃ।

পূর্ব্বোক্ত অব্দপিণ্ডকে ১৬ দ্বারা ভাগ করিয়া ভাগ শেষ ও ভাগলব্ধ সংখ্যা অনুসারে ষোড়শভক্ত শেষাঙ্কের ও ষোড়শভক্ত লব্ধাঙ্কের খণ্ডাদ্বয় গ্রহণ করিয়া যুক্ত করিবে ও তাহার সহিত তিথি বারাদির ক্ষেপাঙ্ক যুক্ত করিলে রবির মেষ সংক্রম দিবসের তিথি বার দণ্ড ইত্যাদি হইবে। তিথির সংখ্যা ৩০এর অধিক না থাকায় তিথি বারাদির প্রথমাঙ্ক ৩০এর অধিক হইলে তিথি ভ্রম ৩০ বাদ দিবে ও বারের সংখ্যা ৭এর অধিক না থাকায় দ্বিতীয়াঙ্ক ৭এর অধিক হইলে উহা হইতে ৭ বাদ দিবে। এই প্রকার তিথি কেন্দ্র আনয়ন কালে অব্দপিণ্ডকে ১৬ দ্বারা ভাগ করিয়া

ভাগশেষ ও লব্ধ সংখ্যা অনুসারে তিথিকেন্দ্রের ষোড়শ শেষ খণ্ডা ও ষোড়শ লব্ধ খণ্ডা গ্রহণ করিয়া পরস্পর যুক্ত করিবে ও তাহার সহিত দিনাদি ক্ষেপ যুক্ত করিলে রবির মেষ সংক্রম দিবসের তিথিকেন্দ্র দিনাদি হইবে। ফল খণ্ডা ২৮এর অধিক না থাকায় কেন্দ্র দিনাদির প্রথমাঙ্ক ২৮এর অধিক হইলে ২৮ বাদ দিবে।

ষোড়শভক্তশেষস্থ

০	০।০।০।০
১	১১।১।৪১।৪২
২	২২।২।২৩।২৪
৩	৩।৩।৩৫।৫
৪	১৪।৪।৪৬।৪৭
৫	২৫।৫।৫৮।২৯
৬	৬।০।১০।১১
৭	১৭।১।২১।৫২
৮	২৮।২।৩৩।৩৪
৯	৯।৩।৪৫।১৬
১০	২০।৪।৫৬।৫৮
১১	১।৬।৮।৩৯
১২	১২।০।২০।২১
১৩	২৩।১।৩২।৩
১৪	৪।২।৪৩।৪৫
১৫	১৫।৩।৫৫।২৭

ষোড়শলব্ধ সংখ্য তিথিবারাদ্যা যোজ্যা। ষোড়শ লব্ধ সংখ্যক নিম্নলিখিত খণ্ডা ষোড়শ শেষ খণ্ডার সহিত যুক্ত করিতে হইবে।

১	২৭।৬।৬।১২	১২	২৪।৩।১৪।২৫
২	২৪।৫।১২।২৪	১৩	২১।২।২০।৩৭
৩	২১।৪।১৮।৩৬	১৪	১৮।১।২৬।৪৯
৪	১৮।৩।২৪।৪৮	১৫	১৫।৭।৩৩।১
৫	১৫।২।৩১।০	১৬	১২।৬।৩৯।১৩
৬	১২।১।৩৭।১২	১৭	৯।৫।৪৫।২৬
৭	৯।০।৪৩।২৪	১৮	৬।৪।৫১।৩৮
৮	৬।৬।৪৯।৩৭	১৯	৩।৩।৫৭।৫০
৯	৩।৫।৫৫।৪৯	২০	০।৩।৪।২
১০	০।৫।২।১		
১১	২৭।৪।৮।১৩		

গৌড়ে তিথি বারাদিক্ষেপঃ ১।৫।৫৯।১

তিথিভ্রমঃ ৩০

ষোড়শশেষস্য দিনাদি তিথি কেন্দ্রাণি যথা।

০	০।০।০
১	৭।৫।৫৩
২	১৪।১১।৪৬
৩	২১।১৭।৩৯
৪	০।২৩।৩২
৫	৭।২৯।২৫
৬	১৪।৩৫।১৮
৭	২১।৪১।১১
৮	০।৪৭।৪
৯	৭।৫২।৫৭
১০	১৪।৫৮।৫০
১১	২২।৪।৪৪
১২	১।১০।৩৭
১৩	৮।১৬।৩০
১৪	১৫।২২।২৩
১৫	২২।২৮।১৬

ষোড়শলব্ধ সংখ্যক কেন্দ্রাণি যথা যোজ্যানি।

ষোড়শ লব্ধাঙ্ক সংখ্যক নিম্নলিখিত, খণ্ডা ষোড়শ শেষ খণ্ডার সহিত যুক্ত করিতে হইবে।

১	২।৩৪।১০	১১	০।১৫।৪৯
২	৫।৮।২০	১২	২।৪৯।৫৯
৩	৭।৪২।৩০	১৩	৫।২৪।৯
৪	১০।১৬।৪০	১৪	৭।৫৮।১৯
৫	১২।৫০।৫০	১৫	১০।৩২।২৯
৬	১৫।২৫।০	১৬	১৩ ৬।৩৯
৭	১৭।৫৯ ১০	১৭	১৫।৪০।৪৯
৮	২০।৩৩।২০	১৮	১৮।১৪।৫৯
৯	২৩।৭।৩০	১৯	২০।৪৯।৯
১০	২৫।৪১।৪০	২০	২৩।২৩।১৯

দিনাদিক্ষেপঃ ২৫।২৬।৪৩

কেন্দ্রভ্রমঃ ২৮

অথ তিথিবারাদিকেন্দ্রয়ো রবিফলভুজান্তরগৌড়চরার্দ্ধ চরিতাঃ শূন্যাদিতঃ প্রতিপক্ষক্ষেপাঃ, তদধঃ প্রতিবারহেয়-দণ্ডাদিঃ প্রতিকেন্দ্রঞ্চ যথাসম্ভবমৃণধনদণ্ডাদিঃ। প্রতিতিথিনক্ষত্র যোগাস্ত তদ্বারকেন্দ্রে সৈকে কার্য্যো স্ব স্ব ধনর্ণকেন্দ্রদণ্ডযুক্তো-নিতা তিথ্যাদিবারনাড়ীস্ফুটাঃ স্যুঃ।

পূর্ব্বানীত তিথিবারাদি ও তিথিকেন্দ্রের সহিত গৌড় দেশীয় চরার্দ্ধ সংস্কৃত শূন্য দিন অবধি এক কোষ্ঠ হইতে ক্রমে তিথি-বারাদির ও কেন্দ্রের ক্ষেপ যুক্ত করিলে প্রতিপক্ষের তিথি বারাদি ও কেন্দ্র হইবে, এবং তাহাতে প্রতিপক্ষের ক্ষেপাঙ্কের নিম্নস্থিত তিথিবারাদির ঋণদণ্ডাদি প্রতিদিন যথাক্রমে হীন ও তিথিকেন্দ্রের ঋণ ও ধনদণ্ডাদি প্রতিদিন যথাস্থানে হীন ও যুক্ত

করিবে। এবং তিথিবার ও কেন্দ্রের প্রথমাঙ্কে প্রতিদিন এক যুক্ত করিলে প্রতিদিনের স্ফুট তিথিবারাদি ও তিথিকেন্দ্র হইবে। নক্ষত্র, যোগ, বার এবং তাহার কেন্দ্রে ও প্রতিদিনে ১ যুক্ত করিতে হইবে। নিজ নিজ কেন্দ্রের ফল খণ্ডা দণ্ডাদি তিথি নক্ষত্র যোগ বারাদির দণ্ডাদিতে কেন্দ্রের ০ দিন হইতে ১৪ পর্য্যন্ত ধন অর্থাৎ যুক্ত, ১৪ হইতে ২৮ পর্য্যন্ত ঋণ অর্থাৎ হীন করিলে স্ফুট তিথি নক্ষত্র যোগ বার দণ্ডাদি হইবে।

১ কোষ্ঠ ০।০	২ কোষ্ঠ ১৫	৩ কোষ্ঠ ২৯
তিথিবারাদিরক্ষেপ ০।০।১০।৩৯	১৫।০।৫৬।১২	০।১।৪১।৬
তিথিকেন্দ্ররক্ষেপ ০।১০।১০	১৫।৯।৩৭	২।৮।৩১
তিথিবারাদির ঋণদং ০।৫৭।৪৮	ঋণদং ১।০।২৪	ঋণদং ১।২।৩৬
তিথিকেন্দ্রের ঋণদং ০।২।১২	ঋণদং ০।৪।২৪	ঋণদং ০।৬।৩৬

৪ কোষ্ঠ ৪৪	৫ কোষ্ঠ ৫৯	৬ কোষ্ঠ ৭৪	৭ কোষ্ঠ ৮৮
১৫।২।২৫।২৭	০।৩।৯।১২	১৫।৩।৫২।৪২	০।৪।৩৫।৫২
১৭।৬।৫২	৪।৪।৪৪	১৯।২।২৪	৬।০।১
ঋণদং ১।৫।০	ঋণদং ১।৬।০	ঋণদং ১।৭।২০	ঋণ দং১।৭।১২
ঋণদং ০।৮।৩২	ঋণদং ০।৯।২০	ঋণদং ০।৯।৩২	ঋণ দং০।৯।২৪

৮ কোষ্ঠ ১০৩	৯ কোষ্ঠ ১১৭	১০ কোষ্ঠ ১৩২	১১ কোষ্ঠ ১৪৭
১৫।৫।১৯।৪	০।৬।২।২৪	১৫।৬।৪৬।১২	০।০।৩০।২৩
২০।৫৭।৪০	৭।৫৫।৩৮	২২।৫৪।০	৯।৫২।৫৫
ঋণদং ১।৬।৪০	ঋণদং ১।৪।৪৮	ঋণদং ১।৩।১৬	ঋণদং ১।১
ঋণদং ০।৮।৮	ঋণদং ০।৬।৩২	ঋণদং ০।৪।২০	ঋণদং ০।২।৪

১২ কোষ্ঠ ১৬২	১৩ কোষ্ঠ ১৭৬	১৪ কোষ্ঠ ১৯১	১৫ কোষ্ঠ ২০৬
১৫।১।১৩।৮	০।২।০।৩২	১৫।২।৪৬।৩৫	০।৩।৩৩।১৩
২৪।৫২।২৪	১১।৫২।৩৫	২৬।৫৩।২৩	১৩।৫৪।৪৫
ঋণদং ০।৫৮।২৪	ঋণদং ০।৫৫।৪৮	ঋণদং ০।৫৩।২৮	ঋণদং ০।৫০।৫২
ধনদং ০।০।৪৪	ধনদং ০।৩।১২	ধনদং ০।৫।২৮*	ধনদং ০।৭।৪৪

১৬ কোষ্ঠ ২২১	১৭ কোষ্ঠ ২৩৫	১৮ কোষ্ঠ ২৫০	১৯ কোষ্ঠ ২৬৫
১৫।৪।২০।৩০	০।৫।৮।২০	১৫।৫।৫৬।৩৬	০।৬।৪৫।৯
০।৫৬।৪১	১৫।৫৯।৬	৩।১।৫২	১৮।৪।৪৫
ঋণদং ০।৪৮।৪০	ঋণদং ০।৪৬।৫৬	ঋণদং ০।৪৫।৪৮	ঋণদং ০।৪৫।২০
ধনদং ০।৯।৪০	ধনদং ০।১১।৪	ধনদং ০।১১।৩২	ধনদং ০।১১।২৮

২০ কোষ্ঠ ২৮০	২১ কোষ্ঠ ২৯৫	২২ কোষ্ঠ ৩১০	২৩ কোষ্ঠ ৩২৪
১৫।০।৩৩।৪৯	০।১।২২।২৩	১৫।২।১০।৪০	০।২।৫৮।৩১
৫।৭।৩৭	২০।১০।১৬	৭।১২।৩২	২২।১৪।১৯
ঋণদং ০।৪৫।৪৪	ঋণদং ০।৪৬।৫২	ঋণদং ০।৪৮।৩৬	ঋণদং ০।৫০।৪৮
ধনদং ০।১০।৩৬	ধনদং ০।৯।৪	ধনদং ০।৭।৮	ধনদং ০।৪।৩৬

২৪ কোষ্ঠ ৩৩৯	২৫ কোষ্ঠ ৩৫৪	২৬ কোষ্ঠ ৩৬৯
১৫।৩।৪৫।৪৯	০।৪।৩২।৩০	১৫।৫।১৮।৩২
৯।১৫।২৮	২৪।১৬।৩	১১।১৫।৫৭
ঋণদং ০।৫৩।১৬	ঋণদং ০।৫৫।৫২	ঋণদং ০।০
ধনদং ০।২।২০	ঋণদং ০।০।২৪	ঋণদং ০।০

তিথিবারাদিকস্য পূর্ব্বাপরক্ষেপান্তরং দণ্ডাদিকং ষষ্টিশুদ্ধং তিথিভক্তং পূর্ব্বকোষ্ঠীয়ং প্রতিতিথিদণ্ডাদিকং স্যাৎ। ষষ্টিশুদ্ধং বেদঘ্নং বা পলাদিকং স্যাদিতি, তৎকেন্দ্রস্য তু পূর্ব্বাপরক্ষেপ-দণ্ডান্তরং পলীকৃতং তিথিভক্তং পরক্ষেপদণ্ডেঽধিকে প্রতিতিথি-কেন্দ্রীয়ং ধনপলং স্যাৎ অল্পে তু ঋণপলং স্যাৎ। অথ তিথি-দণ্ডাদি কেন্দ্রফলানি মনুপর্য্যন্তং ক্রমাৎ ধনাখ্যানি তত উৎক্রমাৎ ঋণাখ্যানি এবং ভযোগয়োরপি।

তিথি বারাদির পূর্ব্বক্ষেপ দণ্ডাদি পরক্ষেপ দণ্ডাদি হইতে বিয়োগ করিলে যে দণ্ডাদি হইবে তাহা ৬০ দণ্ড হইতে হীন করতঃ ১৫ দ্বারা ভাগ করিলে ভাগ ফল যাহা হইবে তাহাই পূর্ব্ব কোষ্ঠের প্রতি তিথির প্রতি দিবসীয় ক্ষেপ দণ্ডাদি। অথবা ৬০ দণ্ড হইতে হীন করতঃ শেষাঙ্ক ৪ দ্বারা গুণ করিলে প্রতিতিথির ক্ষেপ পলাদি হইবে। তিথিকেন্দ্রের পূর্ব্বাপর ক্ষেপান্তর দণ্ডাদি পল করিয়া ১৫ দ্বারা ভাগ করতঃ ভাগফল পরক্ষেপদণ্ডাদি অধিক হইলে পূর্ব্বক্ষেপ দণ্ডাদিতে প্রতিদিন যুক্ত ও অল্প হইলে প্রতিদিন হীন করিবে। তিথি কেন্দ্রানুযায়ী ফল* খণ্ডা কেন্দ্রের শূন্যাদি হইতে ১৪ পর্য্যন্ত যথাক্রমে ধনাখ্য অর্থাৎ প্রতিদিনের তিথি বারাদির দণ্ডাদিতে যুক্ত ও ১৪ হইতে উৎক্রম বিধানে কেন্দ্রের ২৮ পর্য্যন্ত কেন্দ্রফল দণ্ডাদি ঋণাখ্য অর্থাৎ তিথিবারাদির দণ্ডাদিতে হীন করিলে প্রতিদিনের স্ফুট তিথি বার ও দণ্ডাদি হইবে। নক্ষত্র ও যোগাদি আনয়ন কালে এইরূপ করিতে হইবে। অথ তিথির ফলখণ্ডা দণ্ডাদি।

---

* কেন্দ্রানুসারে খণ্ডা ও তাহার পর খণ্ডা গ্রহণ করিয়া পরস্পর বিয়োগ করিলে বিয়োগ ফল যাহা হইবে তদ্দ্বারা কেন্দ্র শেষ বিকলাদি গুণ করিয়া ৬০ দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে তাহা খণ্ডা হইতে পর খণ্ডা অধিক হইলে খণ্ডায় যুক্ত ও পর খণ্ডা অল্প হইলে খণ্ডায় হীন করিবে, তৎপর খণ্ডাধন হইলে তিথ্যাদির দণ্ডাদিতে যুক্ত ও ঋণ হইলে হীন করিবে।

০।০	০।২৭	০।৫৪	১।২১	১।৪৮
০।০	২।৪৭	৫।৩২	৮।১১	১০।৪৩
০।৬	২।৫৩	৫।৩৮	৮।১৬	১০।৪৯
০।১২	২।৫৯	৫।৪৪	৮।২২	১০।৫৪
০।১৯	৩।৫	৫।৫০	৮।২৮	১০।৫৯
০।২৫	৩।১২	৫।৫৬	৮।৩৩	১১।৫
০।৩১	৩।১৮	৬।২	৮।৩৯	১১।১০
০।৩৭	৩।২৪	৬।৮	৮।৪৫	১১।১৬
০।৪৩	৩।৩০	৬।১৪	৮।৫১	১১।২১
০।৪৯	৩।৩৬	৬।২০	৮।৫৬	১১।২৭
০।৫৫	৩।৪২	৬।২৬	৯।২	১১।৩২
১।২	৩।৪৯	৬।৩১	৯।৮	১১।৩৮
১।৮	৩।৫৫	৬।৩৭	৯।১৩	১১।৪৩
১।১৪	৪।১	৬।৪৩	৯।১৯	১১।৪৮
১।২১	৪।৭	৬।৪৯	৯।২৫	১১।৫৩
১।২৭	৪।১৩	৬।৫৫	৯।৩০	১১।৫৮
১।৩৩	৪।১৯	৭।১	৯।৩৬	১২।৪
১।৩৯	৪।২৫	৭।৬	৯।৪২	১২।৯
১।৪৫	৪।৩১	৭।১২	৯।৪৮	১২।১৪
১।৫২	৪।৩৭	৭।১৮	৯।৫৩	১২।১৯
১।৫৮	৪।৪৩	৭।২৪	৯।৫৯	১২।২৫
২।৪	৪।৪৯	৭।৩০	১০।৫	১২।৩০
২।১০	৪।৫৫	৭।৩৬	১০।১০	১২।৩৫
২।১৬	৫।১	৭।৪২	১০।১৬	১২।৪০
২।২২	৫।৭	৭।৪৮	১০।২২	১২।৪৬
২।২৯	৫।১৩	৭।৫৩	১০।২৭	১২।৫১
২।৩৫	৫।২০	৭।৫৯	১০।৩২	১২।৫৬
২।৪১	৫।২৬	৮।৫	১০।৩৮	১৩।১
২৭।৩৪	২৭।৭	২৬।৪০	২৬.১৩	২৫।৪৬

২।১৫	২।৪২	৩।৯	৩।৩৬	৪।৩
১৩।৭	১৫।২১	১৭।২১	১৯।৯	২০।৪৫
১৩।১২	১৫।২৬	১৭।২৫	১৯।১৩	২০।৪৮
১৩।১৭	১৫।৩০	১৭।২৯	১৯।১৭	২০।৫১
১৩।২২	১৫।৩৫	১৭।৩৩	১৯।২১	২০।৫৫
১৩।২৮	১৫।৩৯	১৭।৩৮	১৯।২৫	২০।৫৮
১৩।৩৩	১৫।৪৪	১৭।৪২	১৯।২৯	২১।১
১৩।৩৯	১৫।৪৮	১৭।৪৬	১৯।৩২	২১।৪
১৩।৪৪	১৫।৫৩	১৭।৫০	১৯।৩৬	২১।৭
১৩।৪৯	১৫।৫৭	১৭।৫৪	১৯।৩৯	২১।১০
১৩।৫৪	১৬।২	১৭।৫৯	১৯।৪৩	২১।১৩
১৩।৫৯	১৬।৭	১৮।৩	১৯।৪৬	২১।১৬
১৪।৪	১৬।১১	১৮।৭	১৯।৫১	২১।১৯
১৪।৮	১৬।১৬	১৮।১১	১৯।৫৪	২১।২২
১৪।১৩	১৬।২০	১৮।১৫	১৯।৫৮	২১।২৬
১৪।১৮	১৬।২৫	১৮।১৯	২০।১	২১।২৯
১৪।২৩	১৬।২৯	১৮।২৩	২০।৫	২১।৩২
১৪।২৮	১৬।৩৪	১৮।২৬	২০।৯	২১।৩৫
১৪।৩৩	১৬।৩৮	১৮।৩০	২০।১২	২১।৩৮
১৪।৩৮	১৬।৪৩	১৮।৩৪	২০।১৬	২১।৪১
১৪।৪২	১৬।৪৭	১৮।৩৮	২০।১৯	২১।৪৪
১৪।৪৭	১৬।৫১	১৮।৪২	২০।২৩	২১।৪৬
১৪।৫২	১৬।৫৬	১৮।৪৬	২০।২৬	২১।৪৯
১৪।৫৭	১৭।০	১৮।৫০	২০।৩০	২১।৫২
১৫।২	১৭।৪	১৮।৫৪	২০।৩৩	২১।৫৪
১৫।৭	১৭।৮	১৮।৫৮	২০।৩৬	২১।৫৭
১৫।১২	১৭।১২	১৯।২	২০।৩৯	২২।০
১৫।১৬	১৭।১৬	১৯।৫	২০।৪২	২২।৩
২৫।১৯	২৪।৫২	২৪।২৫	২৩।৫৮	২৩।৩১

৪।৩০	৪।৫৭	৫।২৪	৫।৫১	৬।১৮
২২।৫	২৩।১০	২৩।৫৮	২৪।৩১	২৪।৪৮
২২।৮	২৩।১২	২৩।৫৯	২৪।৩২	২৪।৪৯
২২।১১	২৩।১৫	২৪।০	২৪।৩৩	২৪।৪৯
২২।১৩	২৩।১৭	২৪।২	২৪।৩৪	২৪।৪৯
২২।১৬	২৩।১৯	২৪।৩	২৪।৩৪	২৪।৪৯
২২।১৯	২৩।২০	২৪।৫	২৪।৩৫	২৪।৪৯
২২।২১	২৩।২২	২৪।৬	২৪।৩৬	২৪।৪৯
২২।২৪	২৩।২৪	২৪।৭	২৪।৩৭	২৪।৪৯
